29

দৈনিক বাংলা

তারিখ ..30 JAN 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম .. ২ ...

22

180

# রোববার প্রাথমিক ও গণশিক্ষা সম্মেলন শুরু

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উদ্যোগে আগামী রোববার ও সোমবার দুদিনব্যাপী "প্রাথমিক ও গণশিক্ষাঃ সমস্যা ও প্রতিকার" বিষয়ক এক সম্মেলন আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (পুরাতন সংসদ ভবন) অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া রোববার সকাল ১০টায় এ সম্মেলন উদ্বোধন করবেন। খবর তথ্য বিবরণীর।

এ সম্মেলনে বাংলাদেশে প্রাথমিক ও গণশিক্ষা ক্ষেত্রে বিরাজমান সমস্যাসমূহ সনাক্ত করে তা দূর করার কৌশল চিহ্নিত করা হবে। দেশের শিক্ষা পরিকল্পনাবিদ, শিক্ষা প্রশাসক এবং দেশী ও আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ এ সম্মেলনে অংশগ্রহণ করবেন।

উল্লেখ্য যে, বাংলাদেশে প্রাথমিক ও গণশিক্ষার গুরুত্ব উপলব্ধি করে গত বছর আগস্টে প্রধানমন্ত্রীর নিয়ন্ত্রণাধীনে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগটি সৃষ্টি করা হয়। প্রাথমিক ও গণশিক্ষার ক্ষেত্রে নীতি প্রণয়ন ও বাস্তবায়ন কৌশল উদ্ভাবনে সহায়তা করার জন্য ইতিমধ্যে সরকার একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন টাস্ক ফোর্স গঠন করেছে। এ সম্মেলনটি টাস্ক ফোর্সের প্রতিবেদন প্রণয়নে প্রয়োজনীয় অবদান রাখবে বলে আশা করা যাচ্ছে।